

তারিখ: ২৫ নভেম্বর ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২১ উপলক্ষ্যে জেডার প্ল্যাটফর্মের পদযাত্রা  
হয়রানি মুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করার জন্য ‘যৌন হয়রানি প্রতিরোধ আইন’ প্রণয়নের দাবি

যৌন হয়রানি মুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ‘যৌন হয়রানি প্রতিরোধ আইন’ প্রণয়ন এবং কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি নিরসন বিষয়ক আইএলও কনভেনশন ১৯০ অনুসমর্থনের দাবি জানিয়েছে জেডার প্ল্যাটফর্ম বাংলাদেশের নেতৃবৃন্দ। আজ ২৫ নভেম্বর ২০২১ আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২১ উপলক্ষ্যে জেডার প্ল্যাটফর্মের উদ্যোগে রাজধানীর আসাদ অ্যাভিনিউ এলাকায় পদযাত্রা থেকে বঙ্গারা এ দাবি জানান।

“নারী নির্যাতন বন্ধ করি, কমলা রঙের বিশ্ব গড়ি” এ স্লোগানে পদযাত্রা কর্মসূচিতে আওয়াজ ফাউন্ডেশন, বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিলস, ফেয়ারওয়্যার ফাউন্ডেশন, কর্মজীবী নারী, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন (বিএলএফ), বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, ইন্ডাস্ট্রিয়াল গ্লোবাল ইউনিয়ন এবং মনডিয়াল এফএনডি প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

পদযাত্রা কর্মসূচি থেকে নেতৃবৃন্দ যৌন হয়রানি প্রতিরোধে ২০০৯ সালে প্রদানকৃত হাইকোর্টের নির্দেশনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা; কর্মস্থলে যাতায়াতের পথে এবং সমাজে নারী শ্রমিকের যৌন হয়রানি থেকে সুরক্ষা প্রদান নিশ্চিত করা, যৌন হয়রানি মুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ‘যৌন হয়রানি প্রতিরোধ আইন’ প্রণয়ন এবং কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি নিরসন বিষয়ক আইএলও কনভেনশন ১৯০ অনুসমর্থনের দাবি জানান।

জেডার প্ল্যাটফর্ম বাংলাদেশ এর পক্ষে-

সচিবালয়